শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

## ৩য় অনুরোধ পত্র

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
www.tmed.gov.bd

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৬৬.০০২.০৪৮.১৭-৩৬৭

তারিখঃ ০২ কার্তিক ১৪২৫ / ১৭ অক্টোবর ২০১৮

বিষয়ঃ নওগাঁ জেলার পোরশা উপজেলাধীন মোহাম্মাদিয়া শ্রীকৃষ্ণপুর দাখিল মাদ্রাসাটি এমপিওভুক্তির লক্ষে বাদী কর্তৃক সচিব, শিক্ষা মন্ত্রণালয় বরাবর ১৮/০৫/২০১৫ খ্রি. তারিখের আবেদনটি (মাননীয় আদালতের আদেশ তামিলের উদ্দেশ্যে) নিষ্পত্তিক্রমে আবেদনকারীকে অবহিত করা হয়েছে মর্মে বিষয়টি সংশ্লিষ্ট কনটেম্পট আদালতকে অবহিতকরণ।

সূত্র:

| | |
|---|---|
| (১) বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্মারক নং-বামাশিবো/প্রশাসন/নওগাঁ-২৫২/৫৯৭ | তারিখ: ০৩.০৯.২০১৮ খ্রি: |
| (২) এ বিভাগের পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৬৬.০০২.০৪৮.১৭-১৬৯ | তারিখ: ২৭.০৮.২০১৮ খ্রি: |
| (৩) এ বিভাগের পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৬৬.০০২.০৪৮.১৭-২৮১ | তারিখ: ২৫.০৫.২০১৭ খ্রি: |
| (৪) এ বিভাগের পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৬৬.০০২.০৪৮.১৭-২৭১ | তারিখ: ২৫.০৫.২০১৭ খ্রি: |
| (৫) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং-৫৭.০০.০০০০.০৬৬.০০২.০৪৮.১৭- ১৭৩ | তারিখ: ০৪.০৯.২০১৮ খ্রি: |

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, নওগাঁ জেলার পোরশা উপজেলাধীন মোহাম্মাদিয়া শ্রীকৃষ্ণপুর দাখিল মাদ্রাসাটি এমপিওভুক্তির লক্ষে উক্ত প্রতিষ্ঠানের সুপার জনাব মোঃ আনোয়ারুল ইসলাম বিগত ১৮/০৫/২০১৫ খ্রি. তারিখে সচিব, শিক্ষা মন্ত্রণালয় বরাবর আবেদন করেন। উক্ত আবেদনপত্রটি নিষ্পত্তি না হওয়ায় তিনি সরকারের বিরুদ্ধে মাননীয় হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৩২৬৮/২০১৬ দায়ের করেন। বর্ণিত রিট মামলার ২০.০৩.২০১৬ খ্রি. তারিখের শুনানিতে বাদী কর্তৃক দাখিলকৃত ১৮.০৫.২০১৫ খ্রি. তারিখের আবেদনপত্রটি বিধি মোতাবেক নিষ্পত্তির জন্য ১নং বিবাদীর (সচিব, শিক্ষা মন্ত্রণালয়) প্রতি নির্দেশনা দেয়া হয় (সংলাগ-১)। নির্দেশনাটি নিম্নরূপ:

"Accordingly, we direct the respondent no. 1 to dispose of the representation of the petitioner dated 18.05.2015 within 90 (ninety) days from the date of receipt of a copy of this order."

০২। উক্ত রিট মামলার রায়/আদেশ অনুযায়ী বাদীর ১৮/০৫/২০১৫ খ্রি. তারিখের আবেদন নিষ্পত্তি না হওয়ায় বাদী কর্তৃক মাননীয় হাইকোর্ট বিভাগে কনটেম্পট পিটিশন নং-১৩৩/২০১৭ দায়ের করা হয়। উক্ত মামলায় কেন বিবাদীর বিরুদ্ধে আদালত অবমাননার দায়ে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে না-সেমর্মে নোটিশ প্রাপ্তির ০৭ (সাত) দিনের মধ্যে কারণ দর্শাতে সরকার পক্ষের প্রতি নির্দেশ দেয়া হয়েছে। উক্ত মামলায় সচিব (ভারপ্রাপ্ত), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়কে Respondent- Contemnor করা হয় (কনটেম্পট পিটিশন নং-১৩৩/২০১৭ এর আর্জির কপি সংযুক্ত)।

০৩। উল্লেখ্য, শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত জনবল কাঠামো ও এমপিও নির্দেশিকা/২০১০ (মার্চ, ২০১৩ পর্যন্ত সংশোধিত) এর অনুচ্ছেদ ৫ এর Proviso -তে নিম্নোক্ত উল্লেখ রয়েছে:

"তবে কোন প্রতিষ্ঠানের স্বীকৃতি ও অধিভুক্তির জন্য প্রয়োজনীয় শর্ত পূরণ ঐ প্রতিষ্ঠানের এমপিওভুক্তি নিশ্চিত করবেনা। সরকারের আর্থিক সামর্থ্য অনুযায়ী প্রতিষ্ঠানকে এমপিওভুক্ত করবে। "

০৪। ফলে এটা স্পষ্ট যে, এমপিওভুক্তির বিষয়ে উপরি-উক্ত সিদ্ধান্ত অনুযায়ী কোন প্রতিষ্ঠানের পাঠদানের অনুমতি ও স্বীকৃতি এম.পি.ও প্রাপ্তি নিশ্চিত করে না। সরকারের আর্থিক সামর্থ্য অনুযায়ী প্রতিষ্ঠানকে এম.পি.ওভুক্ত করার নির্দেশনা রয়েছে। সরকার কর্তৃক বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান এম.পি.ওভুক্তির জন্য সিদ্ধান্ত গ্রহণ করা হলে এমপিওভুক্তি সংক্রান্তে অন্যান্য শর্তাদি অনুসরণক্রমে কোন প্রতিষ্ঠানকে এমপিওর তালিকাভূক্ত করা হয়ে থাকে।

০৫। উল্লেখ্য, ২০১০ সালে ১৬২৪টি বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানকে এম.পি.ওভুক্ত করা হয়েছিল। পরবর্তীতে সরকারের আর্থিক সামর্থের সীমাবদ্ধতার কারণে এ সংক্রান্তে বাজেটে প্রয়োজনীয় অর্থ বরাদ্দের অভাবে এম.পি.ও ভুক্তির কোন কার্যক্রম গ্রহণ করা সম্ভব হয়নি।

০৬। বর্তমানে দেশে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের সংখ্যা ৩৮,১৫৮টি। তন্মধ্যে এম.পি.ওভুক্ত প্রতিষ্ঠানের সংখ্যা ২৭,৭২২টি (স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান)। ১৬-১৭ অর্থবছরে শিক্ষা মন্ত্রণালয়ের মোট বাজেট বরাদ্দ ছিল ২৬৮৫৭,৭৪,৬৭০০০/- (ছাব্বিশ হাজার আটশত সাতান্ন কোটি চুয়াত্তর লক্ষ সাতষট্টি হাজার) টাকা এবং এ অর্থের সিংহভাগই বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক/কর্মচারীগণের এমপিও প্রদানের নিমিত্ত ব্যয় হয়েছে এবং হয়ে আসছে।

০৭। এ বিপুল পরিমাণ অর্থ শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতা সহায়তা (এমপিও) খাতে ব্যয় হওয়ার পর বাজেট বরাদ্দের অবশিষ্ট অর্থ শিক্ষার সামগ্রিক উন্নয়নের জন্য খুবই অপ্রতুল হয়।

০৮। নতুন বেতনস্কেল অনুযায়ী এম.পি.ওভুক্ত শিক্ষক-কর্মচারীদের এমপিও নির্ধারিত হওয়ায় এমপিও খাতে ব্যয় বিপুল পরিমাণে বৃদ্ধি পেয়েছে। ফলে বাস্তবতার নিরীখেই শিক্ষার খাতে উন্নয়নমূলক কার্যক্রম গ্রহণই দুরুহ হয়ে পড়েছে।

চলমান পৃষ্ঠা/২

০৯। ফলশ্রুতিতে এমুহূর্তে প্রতিষ্ঠান এম.পি.ও ভুক্তির বিষয়টি সরকারের বিবেচনা করার সুযোগ নেই মর্মে সংশ্লিষ্ট সুপারকে সূত্র (৪) মূলে পত্র মাধ্যমে অবহিত করা হয়েছে (কপি সংযুক্ত)। একই বিষয়ে বাদী কর্তৃক দাখিলকৃত আবেদন নিষ্পত্তিকরণের বিষয়টি বর্ণিত কনটেম্পট আদালতে অবহিত করার লক্ষে মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তরকেও অনুরোধ করা হয়েছিল। তদপ্রেক্ষিতে কারিগরি শিক্ষা অধিদপ্তর কর্তৃক সংশ্লিষ্ট কনটেম্পট আদালতে সরকার পক্ষের জবাব দাখিল করা হয়েছে (জবাবের কপি সংযুক্ত)।

১০। প্রসঙ্গক্রমে উল্লেখ্য, রিট পিটিশন নং-৩২৬৮/২০১৬ মামলার আর্জির কপি এ বিভাগে পাওয়া যায়নি। তবে কনটেম্পট পিটিশন নং-১৩৩/২০১৭ এর আর্জির সাথে সংযুক্ত রিট পিটিশন নং-৩২৬৮/২০১৬ এর ২০.০৩.২০১৬ খ্রি: তারিখের আদেশের সাথে সংযুক্ত এক পাতায় ৩নং রেসপনডেন্ট চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড থাকায় তাঁর কাছে উক্ত রিট পিটিশনের আর্জির কপি আছে মর্মে প্রতীয়মান হয়। ইতোমধ্যে কনটেম্পট মামলা পরিচালনার জন্য ওকালতনামা ও অথরাইজেশন লেটার প্রেরণ করা হয়েছে।

১১। মাননীয় আদালতের আদেশ তামিলের নিমিত্ত সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে (সূত্র ৪-এ বর্ণিত স্মারকের মাধ্যমে) অবহিত করা হয়েছে এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান তথা সুপারকে অবহিতির মাধ্যমে মাননীয় আদালতের আদেশ তামিল নিশ্চিত করা হয়েছে- যা মাননীয় আদালতের গোচরে নেয়া প্রয়োজন। এখানে উল্লেখ্য যে, বর্তমানে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান এমপিওভূক্তির Online আবেদন কার্যক্রম চলমান আছে বিধায় নির্ধারিত শর্তাদি পালন সাপেক্ষে আলোচ্য প্রতিষ্ঠান আবেদন করতে পারে।

১২। মহামান্য আদালতের নির্দেশনা বাস্তবায়নের নিমিত্ত সরকার তথা Respondent contemnor কর্তৃক গৃহীত কার্যক্রমের বিষয়টি মাননীয় আদালতের গোচরে নেয়া প্রয়োজন।

১৩। ভবিষ্যতে সরকারের আর্থিক সক্ষমতা অনুযায়ী এবং Online এমপিও আবেদনের শর্তাদি পূরণে সক্ষম হলে নওগাঁ জেলার পোরশা উপজেলাধীন মোহাম্মাদিয়া শ্রীকৃষ্ণপুর দাখিল মাদ্রাসাটি এমপিওভুক্ত করা হবে মর্মে বিষয়টি সংশ্লিষ্ট কনটেম্পট আদালতকে (বোর্ডের বিজ্ঞ আইনজীবীর মাধ্যমে) অবহিতক্রমে আগামি ২৪.০৯.২০১৮ খ্রি: তারিখের মধ্যে এ বিভাগকে অবহিতির জন্য মহোদয়কে সূত্রোস্থ ৪ নং স্মারক মূলে অনুরোধ করা হয়েছিল। সেসাথে মামলা পরিচালনার সুবিধার্থে কনটেম্পট পিটিশন নং-১৩৩/২০১৭ এর আর্জির কপিসহ প্রাসঙ্গিক অন্যান্য তথ্যাদি পরবর্তী প্রয়োজনীয় আইনানুগ পদক্ষেপ গ্রহণ করে গৃহীত কার্যক্রম গত ১০.১০.১৮ খ্রি: তারিখের মধ্যে এ বিভাগে প্রেরণ নিশ্চিত করার জন্য সূত্রোস্থ ৫ নং স্মারক মূলে মহোদয়কে পুনরায় অনুরোধ করা হয়েছিল কিন্তু নির্ধারিত সময় অতিবাহিত হওয়া সত্তেও এ বিষয়ে কোন তথ্য টিএমইডিতে পাওয়া যায়নি।

১৪. এমতাবস্থায় উপরিউক্ত মতে চাহিত তথ্য জরুরীভিত্তিতে আগামী ১৫.১১.২০১৮ খ্রি: তারিখের মধ্যে টিএমইডিতে প্রেরণ নিশ্চিত করার জন্য মহোদয়কে নির্দেশক্রমে ৩য় বারের মতো অনুরোধ করা হলো।

সংযুক্তি:
(১) কনটেম্পট পিটিশন নং-১৩৩/২০১৭ এর আর্জির কপি- ২৬ (ছাব্বিশ) পাতা। | পূর্বে প্রেরিত
(২) কনটেম্পট রুলের কপি- ০১ (এক) পাতা।
(৩) রিট মামলার আদেশের কপি- ০২ (দুই) পাতা।
(৪) কনটেম্প মামলার জবাব-০৪ (চার) পাতা
(৫) রিট পিটিশন নং-৩২৬৮/২০১৬ তে ৩নং রেসপনডেন্ট- ০১ (এক) পাতা।

মো: জাহাঙ্গীর হোসেন বেপারী
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন:৯৫৭৫২৭২

চেয়ারম্যান
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড
বকশি বাজার, ঢাকা।

অনুলিপি:
১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২। অতিরিক্ত সচিব (মাদ্রাসা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৩। অতিরিক্ত সচিব (প্রশাসন ও উন্নয়ন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৪। প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫। অফিস কপি/ মাস্টার কপি।